

ইকফাই ইউনিভার্সিটির 'উড়ান ২.০' উদ্যোগে কৃতী শিক্ষার্থীকে মেধা সম্মাননা প্রদান

পাঠক সংবাদ, আগরতলা, ৪ জুলাই : দক্ষিণ ত্রিপুরার মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিত ও উচ্চশিক্ষার প্রতি আগ্রহ বাড়ানোর লক্ষ্যে শান্তিরবাজারের 'মুকুট' অডিটোরিয়ামে ইকফাই ইউনিভার্সিটি ত্রিপুরার উদ্যোগে 'উড়ান ২.০' কর্মসূচির আওতায় এক বর্ণাঢ্য সংবর্ধনা ও সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুভ সূচনা করেন উপস্থিত অতিথিবৃন্দ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পৌরসভার চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ইকফাই ইউনিভার্সিটি প্রফেসর ড. প্রসেনজিৎ বল, বিশিষ্ট সমাজসেবী দেবশীষ ভৌমিক-সহ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, প্রশাসন ও সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে টিবিএসই ও সিবিএসই-এর দ্বাদশ শ্রেণির প্রথম বিভাগে উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়। পাশাপাশি শিক্ষা, সমাজসেবা, সংস্কৃতি ও বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখা বিশিষ্ট ব্যক্তিদের 'মেধা সম্মাননা অ্যাওয়ার্ড-২০২৬' প্রদান করে সম্মানিত করা হয় আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, এদিন জেলার মোট ৬৫০ জনের বেশি কৃতী শিক্ষার্থীকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। তাদের এই সাফল্য কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও আত্মনিবেদনের উজ্জ্বল স্বীকৃতি। উপস্থিত অতিথিরা শিক্ষার্থীদের আগামী দিনের পথচলা আরও সফল ও সমৃদ্ধ হোক এই শুভকামনা জানান।



অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধান অতিথি দীপক দত্ত বলেন, "দক্ষিণ ত্রিপুরা জেলার শিক্ষার্থীদের মধ্যে অসাধারণ মেধা ও সম্ভাবনা রয়েছে। আজ রাজ্যের শিক্ষা ক্ষেত্রে দক্ষিণ ত্রিপুরা জেলা পশ্চিম জেলার পরেই গুরুত্বপূর্ণ অবস্থান অর্জন করেছে। এই সাফল্যের পেছনে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক এবং শিক্ষা প্রতিষ্ঠানের সম্মিলিত প্রচেষ্টা রয়েছে। ভবিষ্যতে আমাদের লক্ষ্য হবে জেলার আরও বেশি সংখ্যক শিক্ষার্থীকে উচ্চশিক্ষা, গবেষণা, প্রযুক্তি ও প্রতিযোগিতামূলক পরীক্ষায় এগিয়ে নিয়ে যাওয়া। শিক্ষাই একটি উন্নত সমাজ ও সমৃদ্ধ জাতি গঠনের প্রধান ভিত্তি।" তিনি আরও বলেন, বর্তমান প্রজন্মকে শুধু পরীক্ষায় ভালো ফল করলেই চলবে না, বরং মানবিক মূল্যবোধ, নেতৃত্বের গুণাবলি এবং সামাজিক দায়বদ্ধতার চেতনা নিয়েও এগিয়ে যেতে হবে।

তাহলেই আগামী দিনে দক্ষিণ ত্রিপুরা রাজ্য তথা দেশের উন্নয়নে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম হবে। এরপর বক্তব্য রাখতে গিয়ে ইকফাই ইউনিভার্সিটি ত্রিপুরার উপাচার্য ড. প্রসেনজিৎ বল বলেন, "আজকের শিক্ষার্থীরাই আগামী দিনের নেতৃত্ব দেবে। তাই শুধু ভালো ফলাফল অর্জন করাই নয়, আধুনিক জ্ঞান, দক্ষতা, নৈতিক মূল্যবোধ এবং আত্মবিশ্বাস অর্জনের মাধ্যমেই নিজেদের একজন যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। ইকফাই ইউনিভার্সিটি শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থানমুখী শিক্ষার সুযোগ প্রদানে সর্বদা অঙ্গীকারবদ্ধ। 'উড়ান ২.০'-এর মতো উদ্যোগের মাধ্যমে মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি ও অনুপ্রেরণা দেওয়াই আমাদের অন্যতম লক্ষ্য।" ইকফাই ইউনিভার্সিটি ত্রিপুরার দক্ষিণ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

রাজকুমার দাস জানান, "উড়ান ২.০' কর্মসূচির মূল উদ্দেশ্য জেলার মেধাবী শিক্ষার্থীদের সম্মানিত করার পাশাপাশি তাদের উচ্চশিক্ষার বিষয়ে সচেতন করা এবং নতুন স্বপ্ন দেখার অনুপ্রেরণা দেওয়া। ইকফাই ইউনিভার্সিটি ভবিষ্যতেও শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন, ক্যারিয়ার গঠন এবং মানসম্মত উচ্চশিক্ষার সুযোগ সম্পর্কে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করবে। আমরা চাই, দক্ষিণ ত্রিপুরার শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের মেধার স্বাক্ষর রাখুক।" অনুষ্ঠানে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা এবং আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে অডিটোরিয়াম মুখরিত হয়ে ওঠে। আয়োজকদের এই উদ্যোগকে উপস্থিত সকলেই শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে একটি সমরোপযোগী ও ইতিবাচক পদক্ষেপ হিসেবে অভিহিত করেন।

Pathok Sumbad 05/07/26

16x20



NEWS UPDATE



News Vanguard · Following

News Vanguard · Original audio

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ১ম বিভাগে উত্তীর্ণদের সংবর্ধনা জ্ঞাপন

শান্তিরবাজার মুকুট অভিটোরিয়ামে



LIVE



খবর
এ পর্যন্ত

রবিবার ত্রিপুরা আর্ম রেসলিং এসোসি়েটর বার্ষিক সাধারণ সভা



News Vanguard ·

ত্রিপুরা আগরতলা পর্যন্ত বিনামূল্যে অ্যান্ডুলেস পিক-আপ পরিষেবা। পরিষেবা পেতে যোগাযোগ করুন 897.

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ১ম বিভাগে উত্তীর্ণদের সংবর্ধনা জ্ঞাপন ... See more

CURRENT
NEWS

দক্ষিণ জেলার ইকফাইয়ের সংবর্ধনায় কৃতি শিক্ষার্থীরা

UNIVERSITY TRI

NEWS
TATKAAL24
www.newstatkaal24.org



Subscribe

Follow

Like/Follow



News Tatkaal24 Digital



NEWS TATKAAL24



NEWSTATKAAL_24



NEWS TATKAAL24

দক্ষিণ জেলার কৃতি উচ্চমাধ্যমিক শিক্ষার্থীদেরকে সম্মান জানিয়ে তাদেরকে পুরস্কার প্রদান করা হয়েছে।



উড়ান-২০২৬' উপাৰ্দের সংবৰ্ধনা অনুষ্ঠানে কুমারঘাটের গীতাঞ্জলি টাউন হলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হই।

এই অনুপ্ৰেৰণামূলক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন— শ্ৰী বিশ্বজিৎ দাশ মহোদয় চেয়ারম্যান, কুমারঘাট মিউনিসিপাল কাউন্সিল; শ্ৰী সূৰত পাল মহোদয় প্রধান শিক্ষক পাবিয়াছড়া দ্বাদশ শ্ৰেণী বিদ্যালয়; শ্ৰী কৃষ্ণ রঞ্জন পাল মহোদয় সহকারী প্রধান শিক্ষক ফটিকরায় দ্বাদশ শ্ৰেণী বিদ্যালয়; শ্ৰী রাকেশ সরকার মহোদয় ডেপুটি কালেক্টর; এবং ডক্টর শ্ৰী ব্রিন্ডুক দে মহোদয়, সহকারী অধ্যাপক আঙ্গিকফা ইউনিভার্সিটি।
অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের সংবৰ্ধনা প্রদান করতে পেরে অত্যন্ত আনন্দিত ও গর্বিত। তাদের এই সাফল্য ভবিষ্যতের পথচলায় আরও বড় অর্জনের অনুপ্ৰেৰণা হয়ে উঠুক—এই কামনা রইল।
সকল কৃতি শিক্ষার্থী, তাদের অভিভাবক এবং 'উড়ান-২০২৬'-এর আয়োজকদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।



শান্তিরবাজার-জোলাইবাড়ির এলাকার দ্বাদশ শ্রেণী উত্তীর্ণ

কৃতি ছাত্র-ছাত্রীদের সংবৰ্ধনা, মুকুট অভিটোরিয়ামে বর্ণাঢ্য অনুষ্ঠান



শান্তিরবাজার-জোলাইবাড়ির এলাকার দ্বাদশ শ্রেণী উত্তীর্ণ... See more